

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 07-12-2025**

**Time: 1.40 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) চূড়ান্ত ভোটার তালিকা যথাসম্ভব ত্রুটিহীন করতে এনুমারেশন ফর্মের যাবতীয় তথ্য একাধিক প্রযুক্তির সাহায্যে খতিয়ে দেখা হচ্ছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।
- ২) বন্দে মাতরম রচনার দেড়শো বছর উপলক্ষে লোকসভায় আগামীকাল বিশেষ আলোচনা হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এর সূচনা করবেন।
- ৩) কলকাতায় আজ একটি সংগঠনের উদ্যোগে ৫ লক্ষ কণ্ঠে গীতাপাঠের অনুষ্ঠান চলছে।
- ৪) বেসরকারি বিমান সংস্থা ইন্ডিগোকে তার বাতিল উড়ানের জন্য অবিলম্বে যাত্রীদের টিকিটের দাম ফেরত দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। অতিরিক্ত যাত্রীভিড় সামাল দিতে ভারতীয় রেল বিশেষ ট্রেন চালাচ্ছে।
- ৫) উত্তরে বাতাসের অবাধ প্রবেশের ফলে রাজ্যের প্রায় সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা আজ স্বাভাবিকের নীচে রয়েছে।
- ৬) গোয়ার ফতোরদায় সুপারকাপ ফুটবলের ফাইনালে আজ ইস্টবেঙ্গল এফ সি গোয়ার মুখোমুখি হবে।

-----

চূড়ান্ত ভোটার তালিকায় মৃত, স্থানান্তরিত বা ডুপ্লিকেট ভোটার যাতে না থাকে তা নিশ্চিত করতে একাধিক প্রযুক্তি ব্যবহার করছে নির্বাচন কমিশন। আধার তথ্যভান্ডার, জন্ম-মৃত্যুর তথ্য, জনসংখ্যাগত দিক থেকে সমজাতীয় তথ্য বা ডেমোগ্রাফিক্যালি সিমিলার এন্ট্রি ও ছবির মিল চিনে বের করার সফটওয়্যারের সাহায্যে ভোটারদের তথ্য মিলিয়ে দেখা হচ্ছে। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী আকাশবাণীকে জানিয়েছেন, কমিশনের নির্দেশ মেনে বর্তমানে এনুমারেশন সংক্রান্ত তথ্য পুনরায় খতিয়ে দেখা হচ্ছে। তাই বহুমুখী তথ্যভান্ডার মিলিয়ে দেখা হচ্ছে। পুরো কাজ নির্ধারিত সময়ের মধ্যেই শেষ হবে বলেও জানান তিনি।

অরিন্দম বাবু আরোও জানান, যে ৭ কোটি ৬৬ লক্ষ ভোটারকে এনুমারেশন ফর্ম দেওয়া হয়েছিল, তার মধ্যে ৭ কোটি ৬১ লক্ষ ফর্ম ইতিমধ্যেই প্রক্রিয়াকরণ সম্পূর্ণ হয়েছে। মোট ফর্মের ৯২ শতাংশ ডিজিটাইজ করা ছাড়াও, আর ৭.২ শতাংশ ফর্ম ‘আনকলেস্টেবল’ বা সংগ্রহযোগ্য নয় বলে চিহ্নিত হয়েছে। তিনি বলেন, এখনও যে সাড়ে ৪ লক্ষ ফর্ম এর প্রক্রিয়াকরণ বাকি রয়েছে, তা সংগ্রহ ও প্রক্রিয়াকরণের কাজ শেষ করতে জেলা নির্বাচন আধিকারিকরা যুদ্ধকালীন তৎপরতায় কাজ করছে।

-----

ভোটার তালিকায় যোগ্য ভোটারদের নাম থাকা সুনিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি বুথে BLO দের সঙ্গে BLA-টু দের বৈঠক সেরে ফেলার জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক নির্দেশ দিয়েছেন। ১১ই ডিসেম্বর এনুমারেশন পিরিয়ড শেষ হওয়ার আগে এই বৈঠক করতে হবে। গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলা নির্বাচনী আধিকারিকদের এই নির্দেশ দিয়েছেন। পাশাপাশি, প্রতিটি বুথে বারশো ভোটদাতা রাখার প্রেক্ষিতে ভোট কেন্দ্র গুলির

র্যাডোমাইজেশন অবিলম্বে চূড়ান্ত করতেও বলা হয়েছে। বহুতল ভবন, হাউজিং কমপ্লেক্স, কলোনি ও সোসাইটি গুলির মধ্যে থেকে নতুন ভোট গ্রহণ কেন্দ্র খোলার প্রস্তাব জমা দিতেও বলা হয়েছে।

উল্লেখ্য, গত শুক্রবার মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার SIR কর্মসূচি নিয়ে ১২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিক দের সঙ্গে বৈঠকে যে নির্দেশ দিয়েছেন তার প্রেক্ষিতে গতকালের বৈঠক বলে জানিয়েছে কমিশন।

-----

লোকসভায় আগামীকাল বন্দেমাতরমের সার্থশততম বার্ষিকী নিয়ে একটি বিশেষ আলোচনা শুরু হবে। সরকারী সূত্রে খবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিতর্কের সূচনা করবেন। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু গত সপ্তাহে সংবাদ মাধ্যমে জানিয়েছেন বেলা ১২-টায় দিনভর এই আলোচনরা সূত্রপাত হবে।

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার পৌরোহিত্যে সর্বদল বৈঠকে এও স্থির হয়েছে, ৮-ই ডিসেম্বর বন্দেমাতরম নিয়ে আলোচনা হবে। নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনা হবে ৯-ই ডিসেম্বর।

-----

কলকাতায় আজ পাঁচ লক্ষ কণ্ঠে গীতা পাঠের অনুষ্ঠান শুরু হয়েছে।

ইনসার্ট

সনাতন সংস্কৃতি সংসদের উদ্যোগে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রদীপ প্রজ্জ্বলনের মধ্যে দিয়ে মূল অনুষ্ঠানের সূচনা হয়। গীতা পাঠের আগে বেদ পাঠ আয়োজন করা হয়।

এরপর ধর্মীয় ভক্তিগীতি, শোভাযাত্রার পর মঞ্চে ভাগবদগীতা প্রতিষ্ঠা ও আরতি করা হয়। সাধু সন্তদের প্রবচনের পর গীতা পাঠ শুরু হয়। প্রথম, নবম ও শেষ তথা অষ্টাদশ অধ্যায় সমবেত কণ্ঠে পাঠ করা হবে আজকের অনুষ্ঠানে। এই উপলক্ষে তিনটি মঞ্চ গড়ে তোলা হয়েছে। মূল পার্থসারথি মঞ্চে দেড়শো জন সাধুসন্ত উপস্থিত রয়েছেন। চৈতন্য মহাপ্রভু মঞ্চ ও শঙ্করাচার্য মঞ্চে অন্যান্য সাধু সন্তরা রয়েছেন।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপির রাজ্য নেতৃত্ব অনুষ্ঠানে উপস্থিত আছেন। সাংবাদিকদের প্রশ্নের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, গীতা পাঠ সমগ্র হিন্দুদের একত্রিত করার অনুষ্ঠানে পরিণত হয়েছে। তিনি জানান, পশ্চিমবঙ্গের বর্তমান পরিস্থিতিতে হিন্দুদের রক্ষায় গীতা পাঠ বিশেষ প্রয়োজন।

-----

আজ সশস্ত্র বাহিনীর পতাকা দিবস। ১৯৪৯ সালের ৭ই ডিসেম্বর থেকে এই দিনটিকে সৈনিকদের বীরত্বের প্রতি শ্রদ্ধা জানানোর জন্য পালন করা হয়ে থাকে।

সশস্ত্র বাহিনীর পতাকা দিবস উপলক্ষে, উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ আজ সশস্ত্র বাহিনী পতাকা দিবস তহবিলে তাঁর এক মাসের পুরো বেতন দান করেছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে, উপ-রাষ্ট্রপতি সব নাগরিককে সশস্ত্র বাহিনী এই তহবিলে স্বেচ্ছায় অনুদান দিয়ে সেনা, শহীদ জওয়ান এবং তাঁদের পরিবারের সঙ্গে সংহতি প্রকাশ করার আবেদন জানিয়েছেন।

এই উপলক্ষ্যে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তাঁরা বরাবর নির্ভীকচিহ্নে দেশকে রক্ষা করে আসছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে, শ্রী মোদী বলেছেন, তাঁদের

শৃঙ্খলা, সংকল্প এবং অদম্য চেতনা জাতিকে শক্তিশালী করে। তিনি আরও বলেন, দেশরক্ষায় তাঁদের অবিচল প্রতিশ্রুতি কর্তব্য, শৃঙ্খলা এবং নিষ্ঠার এক উদাহরণ। বাহিনীর পতাকা দিবস উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নাগরিকদের সশস্ত্র বাহিনী পতাকা দিবস তহবিলে অবদান রাখতে উৎসাহিত করেছেন।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং সেনাদের শৌর্য ও আত্মত্যাগের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক গণমাধ্যমে প্রতিরক্ষামন্ত্রী বলেছেন, তাঁদের নির্ভীক আত্মত্যাগ ও দেশসেবার ঋণ কখনওই পরিশোধ করা সম্ভব নয়। আজ ফ্ল্যাগ ডে উপলক্ষ্যে তিনি দেশবাসীকে সশস্ত্র বাহিনীর তহবিলের মুক্ত হস্তে দান করারও আহ্বান জানিয়েছেন।

---

সশস্ত্র বাহিনীর পতাকা দিবসে, চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান আজ ভারতীয় সশস্ত্র বাহিনীর সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। শ্রী চৌহান ভারতের প্রতিরক্ষা ব্যবস্থা এবং জাতীয় নিরাপত্তায় তাঁদের অদম্য মনোভাব এবং স্থায়ী অবদানের স্বীকৃতি দিয়েছেন। তিনি দেশের সব সীমান্ত জুড়ে জাতির সার্বভৌমত্ব রক্ষায় স্থল, নৌ ও বায়ুসেনার অটল প্রতিশ্রুতি, বীরত্ব, নিষ্ঠা এবং ত্যাগের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

---

ওয়াকফ সম্পত্তির ব্যবস্থাপনার জন্য কেন্দ্রীয় সরকারের খোলা “উমিদ” পোর্টালে তথ্য আপলোড করা গতকাল সরকারি ভাবে বন্ধ হয়ে গেছে। সংখ্যালঘু বিষয়ক মন্ত্রক জানিয়েছে, ১৯৯৫ সালের ‘উমিদ’ আইন এবং সুপ্রিম কোর্টের স্পষ্ট নির্দেশ অনুযায়ী এই পোর্টাল খোলা রাখার ছ’মাসের সময়সীমা গতকালই পেরিয়ে গেছে। মন্ত্রক আরও

জানিয়েছে, পাঁচ লক্ষের বেশি ওয়াকফ সম্পত্তির নাম পোর্টালে এসেছে। অন্যদিকে, দু'লক্ষেরও বেশি সম্পত্তি অনুমোদিত হয়েছে।

---

দলীয় কর্মসূচীতে অংশ নিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, নদীয়া ও কোচবিহার সফরে যাচ্ছেন। আগামী ৯ তারিখ তিনি কোচবিহারের রাস মেলা ময়দান এবং ১১ তারিখ নদীয়ার কৃষ্ণনগরে পদযাত্রা ও জনসভায় অংশ নেবেন।

মুখ্যমন্ত্রীর সফরকে কেন্দ্র করে নিরাপত্তার প্রস্তুতি বাড়ানো হয়েছে।

---

অসামরিক উড়ান চলাচল মন্ত্রক অবিলম্বে বিমান যাত্রীদের টিকিট বাবদ বকেয়া অর্থ মিটিয়ে দেওয়ার জন্য ইন্ডিগো বিমান সংস্থাকে নির্দেশ দিয়েছে। আজ রাত আটটার মধ্যে বাতিল উড়ান বাবদ যাত্রীদের টিকিটের সমস্ত অর্থ ফেরত দিতে হবে বলে মন্ত্রক জানিয়েছে। এছাড়াও উড়ান বাতিলের জন্য যেসব যাত্রীর ভ্রমণ পরিকল্পনা পরিবর্তন করতে হয়েছে তাঁদের টিকিটের উপর কোনও লেভি বা অন্যান্য চার্জ নেওয়া চলবে না। এই সব নির্দেশ অমান্য করা হলে ইন্ডিগোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে মন্ত্রক সূত্রে জানানো হয়েছে।

---

অসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ DGCA, অসংখ্য বিমান বাতিল এবং যাত্রী পরিষেবা ব্যহত হওয়ার কারণে ইন্ডিগো সংস্থার মুখ্য কার্যনির্বাহী আধিকারিক পিটার এলবারস কে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে। নোটিশে বলা হয়েছে, বিমান সংস্থাটির

অভ্যন্তরীণ বিভ্রাটের কারণে ফ্লাইট ডিউটি টাইম লিমিট FDTL মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত হয়। পরিকল্পনা বিহীন কাজকর্মের জন্য DGCA সংস্থাটির কড়া সমালোচনা করেছে। গতকাল অসামরিক বিমান চলাচল মন্ত্রী কে.রামমোহন নাইডু ও মন্ত্রকের শীর্ষ আধিকারিকরা এলবারস ও এই সংস্থার অন্যান্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। তাদের স্পষ্ট জানিয়ে দেওয়া হয়, কোন রকম ভাড়া বৃদ্ধি করা যাবে না। গতকাল নিয়ে ইন্ডিগো বিমান বিভ্রাট পঞ্চম দিনে পৌঁছল। গতকালও এই সংস্থাটি ৮০০ উড়ান বাতিল করে।

---

গতকাল থেকে শুরু করে তিন দিনে দেশের বিভিন্ন প্রান্তে ৮৯টি বিশেষ ট্রেন পরিষেবা ঘোষণা করেছে রেলওয়ে। শীত মরশুমে ব্যাপক বিমান বাতিল এবং অতিরিক্ত ভিড়ের পরিপ্রেক্ষিতে এই বিশেষ ট্রেনগুলি চালু করা হচ্ছে। রেল ভ্রমণের ক্রমবর্ধমান চাহিদার কথা মনে রেখে এবং পর্যাপ্ত সংযোগ নিশ্চিত করার লক্ষ্যে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। মধ্য রেলওয়েতে, পুনে থেকে বেঙ্গালুরু, পুনে থেকে দিল্লি এবং মুম্বাই থেকে দিল্লি সহ বিভিন্ন রুটে ১৪টি বিশেষ ট্রেন পরিষেবা দেওয়া হবে। পশ্চিম রেলওয়েতে, ভিওয়ানি থেকে মুম্বাই এবং মুম্বাই থেকে শাকুরবস্তিগু সহ বেশ কয়েকটি রুটে সাতটি বিশেষ ট্রেন চলবে। একইভাবে, দক্ষিণ মধ্য রেলওয়ে চেরলাপল্লি থেকে শালিমার, সেকেন্দ্রাবাদ থেকে চেন্নাই এগমোর এবং হায়দ্রাবাদ থেকে মুম্বাই এই তিনটি বিশেষ ট্রেন চালাবে।

---

বিমান পরিষেবা বিপর্যস্ত হওয়ার জেরে যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে পূর্ব রেল হাওড়া - নিউ দিল্লি এবং শিয়ালদা - লোকমান্য তিলক স্টেশনের মধ্যে বিশেষ ট্রেন



চালানোর সিদ্ধান্ত নিয়েছে। আগামীকাল ৮ই ডিসেম্বর হাওড়া - নিউ দিল্লি স্পেশাল রাত ১১ টায় হাওড়া থেকে এবং আগামী ১০ নভেম্বর সকাল সাড়ে সাতটায় নিউ দিল্লি - হাওড়া স্পেশাল নিউ দিল্লি স্টেশন থেকে ছাড়বে। শিয়ালদা - লোকমান্য তিলক স্পেশাল শিয়ালদা থেকে আগামীকাল রাত ১১ টা ১০ মিনিটে ছাড়বে এবং ফিরতি ট্রেন ১১ ডিসেম্বর সকাল সাড়ে ছটায় লোকমান্য তিলক স্টেশন থেকে ছাড়বে। যাত্রী সুবিধার্থে উত্তর পূর্ব সীমান্ত রেল ১৮ টি বিভিন্ন ট্রেনে মোট ২০ টি কোচ যোগ করেছে বলে জানা গেছে।

---

ভারতীয় মহাকাশচারী এবং ভারতীয় বায়ুসেনার গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা আজ বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা, দেশের অগ্রগতির প্রতিটি ক্ষেত্রে অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে উঠেছে। নতুনদিল্লিতে ভারতের প্রথম শহর কেন্দ্রিক এ আই ইনোভেশন ইঞ্জিন 'দিল্লি এ আই গ্রাইন্ড' শীর্ষক একটি অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে শ্রী শুক্লা উল্লেখ করেন, কৃত্রিম মেধা এখন সবক্ষেত্রেই ব্যবহার করা হচ্ছে। তিনি আরও বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের স্বপ্ন সাকার করে তুলতে করতে এ আই-কে আরও বিস্তৃত ক্ষেত্রে ব্যবহার করতে হবে।

---

দক্ষিণ ২৪ পরগণার নোদাখালি থানার বিদ্যিরাতে গত রাতে এক চল্লিশ বছরের এক বিধবা মহিলার রক্তাক্ত দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। মহিলাকে ধর্ষণ করে খুন করা হয়েছে বলে প্রাথমিক অনুমান। রাতেই দেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে পুলিশ। এই ঘটনায় এক নাবালক সহ দু'জনকে গ্রেফতার করা



হয়েছে। পরিবারের অভিযোগ, গতকাল সন্ধ্যায় মহিলাকে ডেকে নিয়ে যায় এক অভিযুক্ত। রাতে বাড়ির পাশের বাঁশবাগান থেকে মহিলার অর্ধনগ্ন দেহ উদ্ধার হয়।

---

উত্তরে বাতাসের অবাধ আগমনে রাজ্যের প্রায় সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচে রয়েছে। দক্ষিণবঙ্গে আজ সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে শ্রীনিকেতনে ৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে চার দশমিক দুই ডিগ্রি কম। উত্তরবঙ্গের আলিপুর দুয়ারে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১১ ডিগ্রি সেলসিয়াস। এছাড়া দার্জিলিং পাহাড়ি এলাকায় তাপমাত্রা ছিল ৫ ডিগ্রি সেলসিয়াস। আগামী এক সপ্তাহে তাপমাত্রা বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আগামী দু দিন উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই সকালের দিকে হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা রয়েছে।

---

গোয়ার ফতোরদা স্টেডিয়ামে সুপার কাপ ফুটবলের ফাইনালে আজ ইস্টবেঙ্গল-এফ সি গোয়ার মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ২০২৪ সালের চ্যাম্পিয়ন ইস্টবেঙ্গল এই নিয়ে তৃতীয়বার সুপার কাপের ফাইনালে উঠেছে। অন্যদিকে, গতবারের চ্যাম্পিয়ন গোয়াও তৃতীয়বারের জন্য ফাইনাল খেলছে।

---